

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৮২

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩৯. মৃত জন্তুর কাঁচা চামড়া কাজে ব্যাবহার না করা।

باب مَنْ رَوَى أَنْ لاَ يُنْتَفَعَ بِإِهَابِ الْمَيْتَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، مَوْلَى بَنِي هَاشِمٍ حَدَّثَنَا الثَّقَفِيُّ، عَنْ خَالِد، عَنِ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ، أَنَّهُ انْطَلَقَ هُوَ وَنَاسٌ مَعَهُ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ _ رَجُلٍ مِنْ جُهَيْنَةَ _ قَالَ الْحَكَمُ فَدَخَلُوا وَقَعَدْتُ عَلَى الْبَابِ فَخَرَجُوا إِلَىَّ فَأَخْبَرُونِي أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُكَيْمٍ أَخْبَرَهُمْ أَنَّ وَسُولَ اللَّهِ مِلَى الله عليه وسلم كَتَبَ إِلَى جُهَيْنَةَ قَبْلَ مَوْتِهِ بِشَهْرٍ أَنْ لاَ يَنْتَفِعُوا مِنَ الْمَيْتَةِ بِإِهَابٍ وَلاَ عَصَبٍ . قَالَ أَبُو دَاؤُدَ فَإِذَا دُبِغَ لاَ يُقَالُ لَهُ إِهَابٌ إِنَّمَا يُسَمَّى شَنَّا وَقِرْبَةً الْمَيْتَةِ بإِهَابٍ وَلاَ عَصَبٍ . قَالَ أَبُو دَاؤُدَ فَإِذَا دُبِغَ لاَ يُقَالُ لَهُ إِهَابٌ إِنَّمَا يُسَمَّى شَنَّا وَقِرْبَةً

বাংলা

৪০৮২. মুহাম্মদ ইবন ইসমাঈল (রহঃ) হাকাম ইবন উয়ায়না (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একবার তিনি কিছু লোকের সাথে আবদুল্লাহ ইবন উকায়মের নিকট যান, যিনি জুহায়না গোত্রের লোক ছিলেন। রাবী হাকাম (রহঃ) বলেনঃ সব লোক ভেতরে প্রবেশ করলে আমি দরজার উপর বসে পড়ি। তারা আমার কাছে এসে বলে, আবদুল্লাহ ইবন উকায়ম (রাঃ) তাদের বলেছেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ইন্তেকালের আগে জুহায়না গোত্রের নিকট এ মর্মে একটি নির্দেশ প্রেরণ করেন যে, তারা যেন মৃত জন্তুর চামড়া এবং তার পাছা কোন কাজে ব্যবহার না করে।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেনঃ নযর ইবন শুমায়ল (রহঃ) বলেছেন যে, চামড়া যতক্ষন দাবাগত না করা হয়, তাকে 'ইহাব্' বলা হয়। দাবাগতের পর তাকে 'ইহাব্' বলা হয় না, বরং তাকে 'শান' ও 'কিরবা' বলা হয়।

English

Al-Hakam ibn Uyaynah said that he went along with some people to Abdullah ibn Ukaym, a man of Juhaynah. al-Hakam said:
They entered and I sat at the door. Then they came out and told me that Abdullah ibn Ukaym had informed them that the Messenger of Allah (ﷺ) had



written to Juhaynah one month before his death: Do not make use of the skin or sinew of an animal which died a natural death.

Abu Dawud said: Al-Nadr b. Shumail said: The skin is called ihab when it is not tanned and when it is tanned, it not called ihab but na,es shann and girbah (tanned skin or leather).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন